

**ঢাকা কলেজকে ভাসিটি
ঘোষণার দাবিতে
মানববন্ধন**

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা কলেজকে সরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠার দাবিতে শনিবার কলেজের মূল ফটকে মানববন্ধন ও সমাবেশ করেছেন কলেজের শিক্ষার্থীরা। সকাল ১১টা থেকে দুপুর নাড়ে ১২টা পর্যন্ত শিক্ষার্থী ও কর্মসূচি পালন করে।

মানববন্ধন শেষে শিক্ষার্থীরা মিছিলসহ প্রশাসনিক ভবনের সামনে ব্যান্ডেটবল মাঠে গিয়ে সমাবেশে মিলিত হয়। সেখানে বক্তারা বলেন, সময়মত ক্লাস-পরীক্ষা অনুষ্ঠিত না হওয়ায় শেখমঙ্গলটর কবলে পড়ে পাঁচ বছরের অনার্ন-মাস্টার্স কোর্স সম্পন্ন করতে সময় লাগছে ৭/৮ বছর। পর্যাপ্ত ক্লাসরুম-শিক্ষক সংকট, আধুনিক গবেষণাগার না থাকাসহ নানা কারণে কলেজের শিক্ষার্থীদের শিক্ষা জীবন বিপর্যস্ত হয়ে পড়েছে।

বক্তারা দাবি করেন, পূর্ণাঙ্গ স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয়ই এ সকল সংকটের সমাধান প্রদান করতে পারে।

সমাবেশে দাবি আদায়ে একা পরিষদ গঠন এবং সন্তোষবাপী কর্মসূচি ঘোষণা করা হয়।

কর্মসূচির মাধ্যমে রয়েছে আজ রবিবার সকাল ১১টায় কলেজের মূল ফটকের সামনে মানববন্ধন; আগামীকাল শোমবার স্থানীয় সংসদ সদস্যের কাছে স্মারকসিপি, মঙ্গলবার বিক্রেতা মিছিল, বুধবার শিক্ষামন্ত্রীর কাছে স্মারকসিপি এবং বৃহস্পতিবার গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচি।